গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

**স্মারক নম্বর:** ৫৭.০৩.০০০০.০০০.০২৩.৩০.০০০১.২১.২৯০

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩৩
৩০ জুলাই ২০২৬

**বিষয়: প্রস্তাবিত মেইনগেট নির্মাণের জন্য সাইটপ্লান অনুযায়ী ছোট-বড় বিভিন্ন প্রজাতির ৫ (পাঁচ) টি গাছ অপসারণ/কর্তন, নিলামে বিক্রয় ও অপসারণের প্রশাসনিক অনুমোদন সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে "কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ৬৪টি টেকনিক্যাল স্কুল ও কলেজের সক্ষমতা বৃদ্ধি" শীষক প্রকল্পের আওতায় ঠাকুরগাঁও সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের প্রস্তাবিত মেইনগেট নির্মাণের জন্য সাইটপ্লান অনুযায়ী ছোট-বড় বিভিন্ন প্রজাতির ৫ (পাঁচ) টি গাছ কর্তন, নিলামে বিক্রয় ও অপসারণের প্রশাসনিক অনুমোদনের জন্য অধ্যক্ষের নিকট হতে প্রস্তাব পাওয়া যায়।

উক্ত প্রস্তাবের সাথে জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও কর্তৃক গাছ কর্তন ও নিলাম কমিটির সুপারিশসহ জেলা কনডেমনেশন কমিটির সভার কার্যবিবরণীর কপি রয়েছে। জেলা প্রশাসক ঠাকুরগাঁও এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে সাইটপ্লান অনুযায়ী ছোট-বড় বিভিন্ন প্রজাতির ৫ (পাঁচ) টি গাছ কর্তন, নিলামে বিক্রয় ও অপসারণের বিষয়ে সভায় সকলে একমত পোষন করেছেন**(কপি সংযুক্ত )**।

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক সি/শা-১০/বিবিধ-০৪/২০০৩/১১৯ তারিখঃ ০৫/০২/২০০৩খ্রি. সংক্রান্ত পরিপত্রের নির্দেশনা ও জেলা প্রশাসকের পত্রের আলোকে সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র(SFNTC), ঠাকুরগাঁও কর্তৃক ঠাকুরগাঁও সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের অভ্যন্তরে প্রস্তাবিত মেইনগেট নির্মানের জন্য সাইটপ্লান অনুযায়ী ছোট-বড় বিভিন্ন প্রজাতির ৫ (পাঁচ) টি গাছ সরেজমিনে পরিদর্শন পূর্বক **২,১৮,৬২৫/- (দুই লক্ষ আঠারো হাজার ছয় শত পঁচিশ)** টাকা প্রাক্কলিত মূল্য নির্ধারণ করেছেন **(কপি সংযুক্ত )**।

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক সি/শা-১০/বিবিধ-০৪/২০০৩/১১৯ তারিখঃ ০৫/০২/২০০৩খ্রি: তারিখের এ সংক্রান্ত পরিপত্র অনুযায়ী প্রস্তাবিত মেইনগেট নির্মাণের জন্য সাইটপ্লান অনুযায়ী ছোট-বড় বিভিন্ন প্রজাতির ৫(পাঁচ) টি গাছ কর্তন, নিলামে বিক্রয় ও অপসারণের প্রশাসনিক অনুমোদন দেয়া যেতে পারে।

এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক সি/শা-১০/বিবিধ-০৪/২০০৩/১১৯ তারিখঃ ০৫/০২/২০০৩খ্রি: তারিখের এ সংক্রান্ত পরিপত্র এবং পিপিআর-২০০৮ এর বিধি বিধান অনুযায়ী ঠাকুরগাঁও সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের প্রস্তাবিত মেইনগেট নির্মাণের জন্য সাইটপ্লান অনুযায়ী ছোট-বড় বিভিন্ন প্রজাতির ৫ (পাঁচ) টি গাছ কর্তন, নিলামে বিক্রয় ও অপসারণের প্রশাসনিক অনুমোদন যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে প্রদান করা হলো।

৩০-০৭-২০২৬
মোঃ রেজাউল হক
পরিচালক ভোকেশনাল

অধ্যক্ষ
ঠাকুরগাঁও সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, ঠাকুরগাঁও।

**স্মারক নম্বর:** ৫৭.০৩.০০০০.০০০.০২৩.৩০.০০০১.২১.২৯০/১ (৪)

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩৩
৩০ জুলাই ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।

২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হ ল)।

৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

৪। সংশ্লিষ্ট নথি।

০২-০৮-২০২৬
নাসরীন সুলতানা
সহকারী পরিচালক